বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

## বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ১১-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ এর সভাপতিত্বে তার অফিস কক্ষে বিগত ১১-০৯-১৮ তারিখ সকাল ১১.০০টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর মনিটরিং ইউনিট, পরিপালন ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম (আইসিটি) এর ৩০ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় আইসিসি এর সকল ইউনিট এর নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ইউনিট পদবী |
|---|---|---|
| ০১। | মিসেস লুৎফুন নাহার নাজ,উপমহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০২। | জনাব মোঃ সালাহউদ্দিন রাজীব , উপমহাব্যবস্থাপক<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অপারেশন বিভাগ | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৩। | জনাব মোহাম্মদ আলী, উপমহাব্যবস্থাপক<br>প্রত্যবেক্ষনওনিরীক্ষা বিভাগ-১,বিকেবি,প্রকা, ঢাকা । | সদস্য<br>নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৪। | মিসেস দীবা রায়, সহকারী মহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৫। | জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সভাপতি<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৬। | মোঃ আমিনুর রহমান , উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৭। | জনাব সুজন চক্রবর্তী , মুখ্য কর্মকর্তা<br>আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৮। | জনাব মোস্তাফিজুর রহমান , মুখ্য কর্মকর্তা<br>প্রত্যবেক্ষনও নিরীক্ষা বিভাগ- ২,বিকেবি,প্রকা,ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৯। | জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম , মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য সচিব<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম,<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১১-০৭-২০১৮ তারিখে ২৯ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম এর সভাপতি জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয় এবং বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বিবিধ আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক ২৩-০৪-২০১৮তারিখে পরিদর্শনকৃত কুষ্টিয়া মুখ্য অঞ্চলাধীন কুষ্টিয়া শাখার পরিদর্শন রিপোর্ট ০৮/০৮/২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। ২৪-০৪-২০১৮ তারিখে পরিদর্শন কৃত মাগুরা মুখ্য অঞ্চলাধীন মাগুরা শাখার পরিদর্শন রিপোর্ট ০১-০৭-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। গত ২৫/০৬/২০১৮

তারিখে ঢাকা মুখ্য অঞ্চলাধীন খামারবাড়ি শাখা পরিদর্শন রিপোর্ট ১৯-০৮-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে।২৬-০৭-২০১৮ তারিখে ঢাকা মুখ্য অঞ্চলাধীন কামরাঙ্গির চর শাখা পরিদর্শন করা হয় । পরিদর্শন রিপোর্ট ১২-০৯-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে এবং ২৯-০৭-২০১৮ তারিখে ঢাকা মুখ্য অঞ্চলাধিন উত্তরা শাখা পরিদর্শন করা হয় । পরিদর্শন রিপোর্ট এর কাজ প্রক্রিয়াধীন আছে।

খ) ১১/০৭/১৮ তারিখে অনুষ্ঠিত ২৯ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "খ" সিদ্ধান্ত জানিয়ে অবশিষ্ট ২৫ টি শাখার হালনাগাদ তথ্য সরবরাহ করার জন্য অত্র বিভাগের পত্র নং ৯৬(৩) তারিখ ৩০-০৭-২০১৮ এর মাধ্যমে আইসিটি সিস্টেম বিভাগ / আইসিটি অপারেশন বিভাগকে অবহিত করা হয় । আইসিটি অপারেশন বিভাগ তাদের পত্র নং ১৭০ তারিখ ৩০/০৮/২০১৮ এর মাধ্যমে বাকী ২৫ টি শাখার হালনাগাদ তথ্য সরবরাহ করে। ২৫ টি শাখায় ৪১ প্রদেয় খাতে ১৪,৪৩,৫৫,১৬৮/৫৭ টাকা ও ১৩১ আদায়যোগ্য খাতে ১৪,৯৯,৬৫,৫১৪/৯২ টাকা রয়েছে । মোট ২৯+২৫=৫৪ টিশাখার ৪১ প্রদেয় খাতে ৩০,০৯,৮৬,২৩৩/৬৯ টাকা ও ১৩১ আদায়যোগ্য খাতে ১৫,৭২,৩৭,৬৬৮/২৪ অসমন্বিত রয়েছে। ১১/০৭/১৮ তারিখে অনুষ্ঠিত ২৯ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "ঞ" সিদ্ধান্ত জানিয়ে অত্র বিভাগের ৩০/০৭/১৮ তারিখের ৯৭(৭)নং পত্র এর মাধ্যমে ময়মনসিংহ শাখা ও কেন্দুয়া শাখা, নেত্রকোনায় পত্র প্রেরণ করা হয় ।২৯ তম সভা চলাকালীন সময়ে মহাব্যবস্থাপক মহোদয় ফকিরহাট শাখা , বাগেরহাটের ব্যাপারে বাগেরহাটের মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় টেলিফোনে আলাপ করেন। পরবর্তীতে মুখ্য আঞ্চলিক কার্যালয় বাগেরহাটের পত্র নং ৭২ তারিখ ১১/০৭/২০১৮ মোতাবেক অবহিত করেন যে ফকিরহাট শাখার মেসার্স বাংলাদেশ ফুড প্রকল্পের জামানতি সম্পত্তি আদালতের মাধ্যমে মালিকানা প্রাপ্ত হয়ে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগের সার্কুলার নং ০২/২০০৪-২০০৫ তাং ১৬/০৩/২০০৫ মোতাবেক ঋণ হিসাবের সমুদয় টাকা ১৩৬ খাতে এবং ৫২ স্থগিত সুদ বাবদ ১৪,৫৫,৩০,৯২৮/- টাকা শাখায় ৪১/১০ খাতে স্থানান্তর করে রাখা হয়েছে । ময়মনসিংহ শাখা ও কেন্দুয়া শাখা, নেত্রকোনায় বার বার টেলিফোন করা সত্তেও প্রতিউত্তর পাওয়া যায় নাই। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ০৯/০৯/২০১৮ তারিখের ২১২(৭) নং পত্রের মাধ্যমে ময়মনসিংহ শাখা ও কেন্দুয়া শাখা, নেত্রকোনা কে তাগিদ পত্র প্রেরণ করা হয়।আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক ৩০/০৮/২০১৮তারিখের ১৭০ নং পত্রের মাধ্যমে প্রেরিত ২৫ টি শাখার মধ্যে ৮ টি শাখায় অধিক পরিমাণ ৪১ প্রদেয় খাতে ও ১৩১ আদায়যোগ্য খাতে টাকা অসমন্বিত রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত শাখা গুলোকে ব্রেক আপসহ দীর্ঘ দিনের অসমন্বয়ের কারন জানানোর এবং দ্রুত সমন্বয়ের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। একই সাথে আইসিটি বিভাগ হতে প্রাপ্ত শাখা সমূহের ৪১ প্রদেয় খাতে ও ১৩১ আদায়যোগ্য খাতের অসমন্বিত বিবরণী কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করার ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে । (কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ/কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ )

| শাখার নাম | ৪১ প্রদেয় খাতে টাকার পরিমাণ | ১৩১ আদায়যোগ্য খাতে টাকার পরিমাণ |
|---|---|---|
| সোনারগাঁও শাখা,নারায়নগঞ্জ | ৯০৯২৮২২.৭৪ | ৬০৮৭০৬৩.৩৮ |
| শ্রীনগর শাখা, মুনশিগঞ্জ | ৩৫৪৫৯০৫.৬৮ | ৪৪৩৬৯২৯.৮৩ |
| লবনচরা শাখা , খুলনা | ৬০৫৫৯৬৮.০৮ | ৭৬৬৩০৮২.৫৫ |
| উত্তরা শাখা, ঢাকা | ২৬৫৭৫৩০২.৪২ | ১৫৬৮৮৫৫.৪০ |
| জাগীর শাখা, মানিকগঞ্জ | ৮২৯১৮.৩২ | ৮৫০৭৬৯৫.৫৩ |
| কমল গঞ্জ শাখা , মৌলভীবাজার | ২৬১৩৯৮৯.০০ | ১২৩৯১৩৩১.০০ |
| বরলেখা শাখা, মৌলভীবাজার | ৭৫৮৪৮২৩৭.৪৯ | ৮৩৪৮৭৭৬৯.৬১ |
| হাইমচর শাখা, চাঁদপুর | ১৩০৬৮৬৭৮.২০ | ১৭৬২২৭২১.২৫ |

গ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ১৩৫ তারিখ ০৭-০৮-২০১৮ এর মাধ্যমে মোট ৩৪ টি মামলার হালনাগাদ তথ্য জানুয়ারী - জুন / ২০১৮ Self Assessment of Anti Fraud Internal Controls এর প্রতিবেদনের সাথে সংযুক্ত করে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং পর্ষদ অডিট কমিটির চেয়ারম্যান মহোদয়ের যৌথ স্বাক্ষরে মহাব্যবস্থাপক Department of off-site supervision বাংলাদেশ ব্যাংক , প্রধান কার্যালয় ঢাকায় প্রেরণ করা হয়েছে ।

ঘ) ২৭/০৫/১৮ তারিখে অনুষ্ঠিত ২৮ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "ঙ" সিদ্ধান্ত জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ১১৬৮(০৩) তারিখ ২৮/০৫/১৮ এর মাধ্যমে শাখায় কর্মরত কর্মকর্তা গন ইউজার পাসওয়ার্ড পরস্পর শেয়ার করে এবং কম্পিউটার অপারেটের প্রয়োজনীয় কাজে বাইরে গেলে / কম্পিউটার হতে দূরে গেলে কম্পিউটার লগ আউট না করেই চলে যান এ বিষয়ে আইসিটি সিস্টেম বিভাগ / আইসিটি অপারেশন বিভাগকে অবহিত করা হলে আইসিটি সিস্টেম বিভাগ তাদের পত্র নং ১৩১৩ তারিখ ০৭-০৬-২০১৮ এর মাধ্যমে সকল শাখা ব্যবস্থাপকে অন লাইন শাখা সমূহে লেনদেন এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম শাখা পরিদর্শনের সময় এ রকম অনিয়ম পেলে তৎক্ষণাৎ সংশ্লিষ্ট কর্মকর্তাদের মেমো প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল /অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ঙ) ১১/০৭/১৮ তারিখে অনুষ্ঠিত ২৯ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "জ" সিদ্ধান্ত জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ৯৫(০৩) তারিখ ৩০/০৭/১৮ এর মাধ্যমে হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ১ ও ২ কে পত্র প্রেরণ করা হয় । উক্ত পত্রের জবাবে হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ১ এর পত্র নং ৪১৩ তারিখ ২৩-০৭-২০১৮ এর মাধ্যমে অবহিত করেন যে " ব্যাংক এ বর্তমানে জনবলের প্রকট সংকট রয়েছে। ব্যাংকার সিলেকশন কমিটি হতে জনবল পাওয়া গেলে অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করা হবে"এবং হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ২ এর পত্র নং ২৩৩ তারিখ ১৭-০৭-২০১৮ এর মাধ্যমে অবহিত করেন যে বর্তমানে ব্যাংকের অনুমোদিত জনবলের ১৫,৪৪২ জনের মধ্যে কর্মরত আছে ৮,৫৯৫ জন । ঘাটতি জনবলের সংখ্যা ৬,৮৪৭ জন । এ প্রকট জনবলের ঘাটতির কারনে পর্যাপ্ত সংখ্যক জনবল পোস্টিং দেয়া যাচ্ছে না । জনবলের ঘাটতি পুরনের লক্ষে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। ফলে পর্যায়ক্রমে জনবল শূন্য পদে পোস্টিং দেয়া হবে। উল্লেখ্য যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমের বর্তমান সভাপতি জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক, ৩০/০৯/২০১৮ তারিখে অবসর এ চলে যাবে, প্রয়োজনের গুরুত্ব বিচার করে অতি দ্রুত একজন সহকারী মহাব্যবস্থাপক পোস্টিং দেওয়ার জন্য হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ২ কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃহিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ১ ও ২)

চ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ১১/০৭/২০১৮ তারিখের পত্র নং ৫৪,১৫/০৭/২০১৮ তারিখের পত্র নং ৬১ এবং ০২/০৮/২০১৮ তারিখের পত্র নং ১১৫মাধ্যমে মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক দের সিদ্ধান্ত জানিয়ে পত্র প্রেরণের ফলে জুন/২০১৮ মাসের ৩৯ টি অঞ্চল এবং জুলাই/২০১৮ মাসের ২৭ টি অঞ্চলের প্রতিবেদন পাওয়া যায় । জুন/২০১৮ মাসের বাকী ১৪ টি অঞ্চলের এবং জুলাই/২০১৮ মাসে বাকী ২৬টি অঞ্চলের প্রতিবেদন না পাওয়ায় মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর ০৯/০৯/২০১৮ তারিখের ২১২,২১৩ ও ২১৪ নং তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে।এ বিষয়ে প্রত্যেক বিভাগীয় মহাব্যবস্থাপকদের পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে । ( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ছ) ১১/০৭/১৮ তারিখে অনুষ্ঠিত ২৯ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "ঞ" সিদ্ধান্ত জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ১১৬(০৩) তারিখ ০২/০৮/১৮ এর মাধ্যমে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ১ ও ২ কে পত্র প্রেরণ করা হয়। প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ২ এর পত্র নং ৩৯৬ তারিখ ২৯-০৮-২০১৮ মোতাবেক প্রেরিত আলোচ্য সূচীতে উল্লেখ করা হয় - বাংলাদেশ কৃষি ব্যাংক এর বিভিন্ন শাখায় ভাউচার হারানোর ঘটনা ঘটে থাকে, কিন্তু হারানো ভাউচার পূর্ণগঠন করার বিষয়ে ব্যাংকের কোন নীতিমালা নেই । এমতাবস্থায়, হারানো ভাউচার পূর্ণগঠন করার নীতিমালা তৈরির উদ্যোগ নেয়া যেতে পারে । ভাউচার পূর্ণগঠন করার নীতিমালা সংক্রান্ত বিষয়ে একটি কার্যপত্র ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃ প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ২ )

জ) ১১/০৯/১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভায় প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ১ এর অনুমোদিত জনবল নিয়ে আলোচনা হয়। তাদের অনুমোদিত জনবল ১৮ জন কিন্তু বর্তমানে আছে ১৪ জন । প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ১ এর মতো এতো গুরুত্ব পূর্ণ বিভাগে স্বল্প জনবল নিয়ে কাজ করা কষ্টকর হয়ে পড়েছে।বিভাগের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে জনবল পোস্টিং দেওয়ার জন্য হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ১ ও ২ কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।(কার্যকরণঃ প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ১ )

ঝ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক এর বিভিন্ন শাখা পরিদর্শন করা হয় । সকল শাখায় প্রায় একই ধরনের ক্রুটি/ বিচ্যুতি পরিলক্ষিত হয়। এসব ক্রুটি/ বিচ্যুতি শাখা ব্যবস্থাপক,আঞ্চলিক ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের কাছে পত্র আকারে প্রেরণ করা হয় কিন্তু তাদের কাছে থেকে পত্রের জবাব যথাসময়ে পাওয়া যায় না । ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় নির্দেশক্রমে উল্লেখিত পরিদর্শন প্রতিবেদনের প্রেক্ষিতে উদঘাটিত ক্রুটি/ বিচ্যুতির বিষয়ে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা দের প্রয়োজনীয় ব্যবস্থা এবং ভবিষ্যতে এ ধরনের ক্রুটি/ বিচ্যুতির পুনরাবৃত্তি রোধ করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলেও এ বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয় হতে অদ্যাবধি অত্র বিভাগে কোন রকম পত্র পাওয়া যায় নাই। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক শাখা পরিদর্শনে উল্লেখিত ক্রুটি/ বিচ্যুতি / অনিয়মের বিষয়ে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় নির্দেশনা পরিপালন ও কার্যকর করার বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ হতে নিয়মিত শাখা ও অঞ্চলাধীন বরাবর পত্র প্রেরণ করা হয়। কিন্তু তথাপি শাখা গুলো এ ধরনের ভুল / ক্রুটি/ বিচ্যুতি পরিহার এর বিষয়ে যত্নবান এবং আন্তরিক হচ্ছে না। যা খুবই দুঃখজনক এবং উদ্বেগজনক । শাখা সমূহকে উল্লেখিত ভুল/ ক্রুটি / বিচ্যুতি পরিহার করার জন্য কঠোর ভাবে সতর্ক থাকার জন্য সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক দের শাখা সমূহকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক শাখা পরিদর্শন প্রতিবেদনের পরিপালন জবাব প্রতিবেদন পাওয়ার ১৫ দিনের মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের কথা থাকলেও মাসের পর মাস অতিবাহিত হওয়ার পর ও শাখা সমূহ হতে প্রতিবেদনের পরিপালন জবাব অভ্যন্তরীন নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করা হয় না।পরিপালন জবাব প্রেরণের নির্ধারিত তারিখ অতিক্রম হওয়ার সাথে সাথে শাখাকে তাগিদ পত্র ( প্রয়োজনে একাধিক) এবং বিলম্বে জবাব প্রেরণের জন্য ব্যাখ্যা তলব করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ঞ) শাখা হতে প্রেরিত ত্রৈমাসিক অপারেশন রিপোর্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করা হয় । মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় উক্ত প্রতিবেদন গুলো পর্যালোচনা না করেই অত্র বিভাগে প্রেরণ করে থাকে। উক্ত প্রতিবেদনে দেখা যায় যে, অধিকাংশ শাখার প্রতিবেদনে তারিখ উল্লেখ নাই । বেশীরভাগ অনুচ্ছেদই পূরণ করা হয় না যেমন বাংলাদেশ ব্যাংক এর নিরীক্ষা ও পরিদর্শনের তারিখ, বিভাগীয় কার্যাবলীর চেকলিষ্ট , জালজালিয়াতি সংক্রান্ত ,কি রেজিষ্টার, টেষ্ট কি সমূহ , নমুনা স্বাক্ষর পুস্তক সমূহ, কম্পিউটার এবং সফটওয়্যার রক্ষণাবেক্ষণ অনুচ্ছেদ সমূহ পুরন করা হয় না। শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার স্বাক্ষর না করেই প্রতিবেদনটি প্রেরণ করে থাকে। পরবর্তীতে উক্ত প্রতিবেদন যাচাই এর জন্য আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করা হলে আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগন সকল শাখার জন্য একই ধরনের ছকে প্রতিবেদন প্রেরণ করে এবং বেশীর ভাগ শাখায় একই ধরনের ভুল করে থাকে বলে মন্তব্য পেশ করে যা সঠিক নয়। ।ত্রৈমাসিক অপারেশন রিপোর্ট যথাযথ ভাবে এবং সবগুলো অনুচ্ছেদ (২৪টি) পূরণ পূর্বক মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ট) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক ই-মেইল এর মাধ্যমে বিভিন্ন শাখায় পত্র প্রেরণ করে থাকে। কিন্তু অধিকাংশ শাখায়ই ঠিকমত ই-মেইল ওপেন করে না। টেলিফোনে যোগাযোগ করেও সঠিক সময়ে প্রতিবেদন না পাওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর নথি উপস্থাপনে বিলম্ব হয় । যা কাজের গতিকে স্থবির করে দেয়। এ কারনে সকল শাখার জন্য একটি সাধারণ নির্দেশনা পত্র ইস্যু করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।( কার্যকরণঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সিস্টেম ও কার্ড বিভাগ)

০৩। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭.০৯.২০১৮
(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

---

নং/প্রকা/অনিবিঃপ্রশা-৪৪/২০১৮-২০১৯/২৪৯ তারিখঃ১৭-০৯-২০১৮খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা ।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১/ প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২ (সভাপতি, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট, আইসিসি)/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল সদস্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন টিম(আইসিটি), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৮. নথি/মহানথি

১৭/৯/২০১৮
(লুৎফুন নাহার নাজ )
উপ-মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
এবং
সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।